দৈনিক ইনকিলাব

তারিখ 04 JUN 2008
পৃষ্ঠা ২ কলাম ৬

*এইচএসসি-আলিম-ফাযিল পরীক্ষা*

# তৃতীয় দিনে বহিষ্কার ৫৫ জন অনুপস্থিত ৬১২৪ জন

স্টাফ রিপোর্টার ঃ সারাদেশের ৯টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি, এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), আলিম পরীক্ষার গতকাল (মঙ্গলবার) তৃতীয় দিন অতিবাহিত হয়েছে। এদিন ৭টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে বাংলা প্রথম পত্র, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে বিএম পরীক্ষায় সকালে অফিস ব্যবস্থাপনা চতুর্থ পর্ব ও বাংলা দ্বিতীয় পর্বের পরীক্ষা এবং বিকেলে ব্যবসায়িক ভূগোল তৃতীয় পর্ব ও বাংলা প্রথম পর্বের পরীক্ষা অনুষ্ঠিত হয়। মাদ্রাসা বোর্ডের অধীনে আলিমে আরবী প্রথম পত্র ও আরবী সাহিত্য, ফাযিলে উলুমুল কুরআন ওয়াল হাদীস তৃতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

৯টি শিক্ষা বোর্ডে দ্বিতীয় দিনের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার হয়েছে ৫৫ জন পরীক্ষার্থী। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ২২ জন। ঢাকা বোর্ডে ১ জন, কুমিল্লা বোর্ডে ৩ জন, যশোর বোর্ডে ৩ জন, রাজশাহী বোর্ডে ৫ জন, চট্টগ্রাম বোর্ডে ৪ জন, সিলেট বোর্ডে ২ জন এবং বরিশাল বোর্ডে ৪ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম ও ফাযিল পরীক্ষায় বহিষ্কার হয়েছে ২০ জন। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার তৃতীয় দিনে বহিষ্কার হয়েছে ১২ জন পরীক্ষার্থী।

এ ৯ বোর্ডে তৃতীয় দিনে ৬ হাজার ১২৪ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ঢাকা বোর্ডে ২ হাজার ১২৪ জন, কুমিল্লা বোর্ডে ৩২৪ জন, যশোর বোর্ডে ৪৩২ জন, রাজশাহী বোর্ডে ৬৬৭ জন, চট্টগ্রাম বোর্ডে ২৭১ জন, সিলেট বোর্ডে ২৪৫ জন এবং বরিশাল বোর্ডে ২৪৬ জন শিক্ষার্থী অনুপস্থিত ছিল। কারিগরিতে ১ হাজার ৭৮ জন। মাদ্রাসা বোর্ডে আলিম ও ফাযিলে ৭০৯ জন শিক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত ছিল।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী এবছর সারাদেশের নয়টি শিক্ষা বোর্ডে মোট ৬ লাখ ২০ হাজার ২০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে সাধারণ সাতটি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা ৫ লাখ ২ হাজার ৭৯৬ জন। মাদ্রাসা বোর্ডের আলিম পরীক্ষার্থীর সংখ্যা ৬২ হাজার ৫০৫ জন। কারিগরি বোর্ডের অধীনস্থ এইচএসসি (বিএম) পরীক্ষার্থীর সংখ্যা ৫৪ হাজার ৭১৯ জন। এবার নয়টি বোর্ডের অধীনে পরীক্ষায় মোট কেন্দ্রসংখ্যা ১৮০০। এরমধ্যে এইচএসসির কেন্দ্রসংখ্যা এক হাজার ২৪টি, আলিমের কেন্দ্রসংখ্যা ৩৪৮টি এবং এইচএসসি বিএম পরীক্ষায় কেন্দ্রসংখ্যা ৪২৮টি। মোট সাত হাজার ১২০টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে এইচএসসি প্রতিষ্ঠানের সংখ্যা তিন হাজার ১৯৬টি, আলিমে দুই হাজার ৬৫৯টি এবং এইচএসসি বিএমে এক হাজার ২৬৫টি।